

المحي

আসসালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহু

বিসমিল্লাহির রহমানির রহিম

আল্লাহর সুন্দরতম ৯৯ নাম ‘আসমাউল হুসনার’ ৬১ তম নাম ‘المحي’ আজকের আলোচনার বিষয়।

আরবি ভাষায় ‘المحي’ শব্দের মূল ح - ي - ي , এই মূল শব্দ থেকে গঠিত শব্দসমূহ পবিত্র কোরআন মাজিদে ১৮৪ বার এসেছে। জীবন দান, জীবিত ইত্যাদি অর্থে ব্যবহৃত হয়েছে। আল্লাহ المحي অর্থ: ‘তিনি জীবনের স্রষ্টা’।

মহান আল্লাহ পবিত্র কুরআনে ইরশাদ করেন:

وَأِنَّا لَنَحْنُ نُحْيِي وَنُمِيتُ وَنَحْنُ الْوَارِثُونَ ﴿٢٣﴾

আমরাই জীবন দান করি এবং মৃত্যু ঘটাই এবং আমরাই ওয়ারিশ (মালিক)। (সূরা আল হিজর: আয়াত নং ২৩)

فَأَنْظِرْ إِلَىٰ آثَارِ رَحْمَةِ اللَّهِ كَيْفَ يُحْيِي الْأَرْضَ بَعْدَ مَوْتِهَا إِنَّ ذَٰلِكَ لَمُحْيِي الْمَوْتَىٰ
وَهُوَ عَلَىٰ كُلِّ شَيْءٍ قَدِيرٌ ﴿٥٠﴾

অতএব আল্লাহর রহমতের প্রভাব সম্পর্কে চিন্তা করো, তিনি কীভাবে জমিনকে মরে (শুকিয়ে) যাবার পর আবার জীবিত করেন। এভাবেই তিনি মৃতদের জীবিত করবেন। তিনি প্রতিটি বিষয়ে ক্ষমতাবান। (সূরা আর রুম: আয়াত নং ৫০)

وَمِنْ آيَاتِهِ أَنَّكَ تَرَىٰ الْأَرْضَ خَاشِعَةً فَإِذَا أَنْزَلْنَا عَلَيْهَا الْمَاءَ اهْتَزَّتْ وَرَبَتْ إِنَّ
الَّذِي أَحْيَاهَا لَمُحْيِي الْمَوْتَىٰ إِنَّهُ عَلَىٰ كُلِّ شَيْءٍ قَدِيرٌ ﴿٣٩﴾

তাঁর নির্দেশনাবলীর মধ্যে রয়েছে, তুমি জমিনকে দেখতে পাও শুকনো ধূসর। কিন্তু যখনই আমরা তাতে পানি বর্ষণ করি, তখন তা আন্দোলিত ও স্ফীত হয়ে উঠে। যিনি এই মরা জমিনকে জীবিত করেন, তিনি অবশ্যই মৃতদের পুনর্জীবিত করবেন। তিনি প্রতিটি বিষয়ে শক্তিমান। (সূরা ফুসসিলাত: আয়াত নং ৩৯)

বুখারী ও মুসলিম শরীফের হাদীস:

নিশ্চয়ই তোমরা সকলেই মাতৃগর্ভে এক তরল বিন্দু হিসাবে ৪০ দিন অবস্থান কর। তারপর এক ঝুলন্ত বস্তু হিসেবে এই রকমই সময়, তারপর এক চিবান পিণ্ড হিসাবে এই রকমই সময় অবস্থান কর। এরপর ফেরেশতা প্রেরণ করা হয় এবং সে রুহ ফুকে দেয়। এবং ফেরেশতাকে নির্দেশ দেয়া হয়েছে চারটি আদেশ লিখার জন্য তা হচ্ছে: জীবিকা, হায়াত, ক্রিয়াকাণ্ড, এবং জান্নাতী (সুখী) না জাহান্নামী (অসুখী)।

সুতরাং, প্রিয় ভাই ও বোনেরা! আসুন, দুনিয়ার এই ক্ষণস্থায়ী জীবনকে আমরা চিরস্থায়ী হিসেবে গ্রহণ না করি। আমরা আল্লাহ ও তাঁর রাসূলের নির্দেশ, কোরআন ও সহীহ হাদিস মোতাবেক পালন করি।

আল্লাহর সাথে কাউকে শরিক না করি। কারণ শিরকের পাপ আল্লাহ ক্ষমা করবেন না। আল্লাহ আমাদের সহায় হোন।

আমিন।

আসসালামুআলাইকুম ওয়াহমাতেল্লাহি ওয়াবাহালাতুহা